

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯৮৫

আগরতলা, ২৩ ফেব্রুয়ারি, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

সিপার্ডে অ্যাসিস্টেন্ট রিটার্নিং অফিসারদের প্রশিক্ষণ

আসন্ন লোকসভা নির্বাচন-২০২৪ ত্রিপুরাতেও সুষ্ঠুভাবে সম্পন্ন করতে রাজ্যের অ্যাসিস্টেন্ট রিটার্নিং অফিসারদের নিয়ে ৫ দিনের প্রশিক্ষণ কর্মসূচি আজ সমাপ্ত হয়েছে। ভারতের নির্বাচন কমিশন গত ১৯ ফেব্রুয়ারি থেকে আগরতলার সিপার্ডে এই প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করে। ভারতের নির্বাচন কমিশনের জাতীয় স্তরের ৫ জন প্রশিক্ষক অ্যাসিস্টেন্ট রিটার্নিং অফিসার ও ৬ জন অতিরিক্ত অ্যাসিস্টেন্ট রিটার্নিং অফিসারদের নির্বাচন সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ দেন। উল্লেখ্য, গত ১৯ ফেব্রুয়ারি সিপার্ডে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনিত আগরওয়াল এই প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন। প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করে তিনি নির্বাচনে অ্যাসিস্টেন্ট রিটার্নিং অফিসারদের বিভিন্ন কাজের বিষয় নিয়ে আলোচনা করেন। উদ্বোধনী অনুষ্ঠানে অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক উষা জেন মগও উপস্থিত ছিলেন। অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক উষা জেন মগ এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
